# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭২২]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৪৩: নয় রাক'আত বিতর কিভাবে আদায় করবে?

## باب كَيْفَ الْوِتْرُ بِتِسْعٍ

আরবী

أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى، قال: حَدَّثَنَا إِسْحَاقُ، قال: أَنْبَأَنَا عَبْدُ الرَّزَّاقِ، قال: حَدَّثَنَا مَعْمَرٌ، عَنْ قَتَادَةَ، عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى، أَنَّ سَعْدَ بْنَ هِشَامِ بْنِ عَامِرٍ لَمَّا أَنْ قَدِمَ عَلَيْنَا أَخْبَرَنَا، أَنَّهُ أَتَى ابْنَ عَبَّاسٍ فَسَأَلَهُ عَنْ وِتْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: أَلَا أَدُلُّكَ أَوْ أَلَا أُنَبِّئُكَ بِأَعْلَمِ أَهْلِ الْأَرْضِ بِوِتْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟ قُلْتُ: مَنْ ؟ قَالَ: عَائِشَةُ، فَأَتَيْنَاهَا فَسَلَّمْنَا عَلَيْهَا وَدَخَلْنَا فَسَأَلْنَاهَا، فَقُلْتُ: أَنْبِئِينِي عَنْ وِتْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَتْ: كُنَّا نُعِدُّ لَهُ سِوَاكَهُ وَطَهُورَهُ، فَيَبْعَثُهُ اللَّهُ عَزَّ وَجَلَّ مَا شَاءَ أَنْ يَبْعَثَهُ مِنَ اللَّيْلِ فَيَتَسَوَّكُ وَيَتَوَضَّأُ، ثُمَّ يُصَلِّي تِسْعَ رَكَعَاتٍ لَا يَقْعُدُ فِيهِنَّ إِلَّا فِي الثَّامِنَةِ فَيَحْمَدُ اللَّهَ وَيَذْكُرُهُ وَيَدْعُو، ثُمَّ يَنْهَضُ وَلَا يُسَلِّمُ ثُمَّ يُصَلِّي التَّاسِعَةَ فَيَجْلِسُ فَيَحْمَدُ اللَّهَ وَيَذْكُرُهُ وَيَدْعُو، ثُمَّ يُسَلِّمُ تَسْلِيمًا يُسْمِعُنَا، ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ، فَتِلْكَ إِحْدَى عَشْرَةَ رَكْعَةً يَا بُنَيَّ، فَلَمَّا أَسَنَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَخَذَ اللَّحْمَ أَوْتَرَ بِسَبْعٍ، ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ بَعْدَ مَا يُسَلِّمُ فَتِلْكَ تِسْعًا أَيْ بُنَيَّ. (حديث موقوف) (حديث مرفوع) وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى صَلَاةً أَحَبَّ أَنْ يُدَاوِمَ عَلَيْهَا .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٣١٦، ١٦٠٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1722 ـ صحيح

বাংলা

১৭২১. যাকারিয়া ইবনু ইয়াহইয়া (রহ.) ..... যুরারাহ্ ইবনু আওফা (রহ.) হতে বর্ণিত। সা'দ ইবনু হিশাম আমাদের নিকট এসে বললেন যে, তিনি ইবনু আব্বাস-এর নিকট গিয়ে তাঁকে রসূলুল্লাহ (সা.) -এর বিতরের সালাত সম্পর্কে প্রশ্ন করলেন। তিনি বললেন, আমি কি তোমাকে সন্ধান দিব না? অথবা (তিনি বললেন) আমি কি তোমাকে ধরাবাসীদের মধ্যে রসূলুল্লাহ (সা.) -এর বিতরের সালাত সম্পর্ক অধিক জানা ব্যক্তির খবর দিব না। আমি বললাম, তিনি কে? তিনি বললেন, 'আয়িশাহ্ (রাঃ)। তখন আমরা তাঁর কাছে আসলাম এবং তাঁকে সালাম করে তার ঘরে প্রবেশ করলাম এবং তাকে প্রশ্ন করলাম। আমি বললাম, আপনি আমাকে রসূলুল্লাহ (সা.) -এর বিতরের সালাত সম্বন্ধে বলুন। তিনি বললেন, আমরা তাঁর জন্যে তাঁর মিসওয়াক এবং উযূর পানি তৈরি করে রাখতাম। আল্লাহ তা'আলা তাঁকে রাতে যখন জাগাতে ইচ্ছা করতেন জাগিয়ে দিতেন। তিনি মিসওয়াক করে উযূ করতেন এবং নয় রাকআত সালাত আদায় করতেন। শুধুমাত্র অষ্টম রাকআতেই বসতেন। (বসে) আল্লাহ তা'আলার প্রশংসা করতেন এবং তাঁর যিকর করতেন আর দু'আ করতেন। এরপর উঠে যেতেন; সালাম ফিরাতেন না। এরপর নবম রাকআত আদায় করতেন এবং বসে যেতেন ও আল্লাহ তা'আলার প্রশংসা বর্ণনা করতেন, তাঁর যিকর এবং দু'আ করতেন। অতঃপর এমনভাবে সালাম ফিরাতেন যা আমরা শুনতে পেতাম। অতঃপর সালাম ফিরানোর পর বসা অবস্থায় দু' রাকআত সালাত আদায় করতেন।
হে বৎস! এ হলো মোট এগারো রাক'আত। যখন রসূলুল্লাহ (সা.) বয়স্ক হয়ে গেলেন এবং শরীর ভারী হয়ে গেল, তখন তিনি সাত রাকআত আদায় করতেন। তারপর সালাম ফিরানোর পর বসা অবস্থায় দু' রাক'আত সালাত আদায় করতেন। হে বৎস! তা হলে মোট নয় রাক'আত। আর রসূলুল্লাহ (সা.) যখন কোন সালাত আদায় করতেন তা সর্বদা আদায় করতে ভালোবাসতেন।

## English

How to pray witr with nine rak'ahs

It was narrated from Zurarah bin Awfa: When Sa'd bin Hisham bin Amir came to visit us, he told us that he came to Ibn Abbas and asked him about the witr of the Messenger of Allah (ﷺ). He said: 'Shall I not tell you of the most knowledgeable person on Earth about the witr of the Messenger of Allah (ﷺ)?' I said: 'Who?' He said: 'Aishah.' So we went to her and greeted her with Salam and entered and asked her. I said: 'Tell me about the witr of the Messenger of Allah (ﷺ).' She said: 'We used to prepare for him his siwak and water for wudu, then Allah (SWT) would wake him when He willed to wake him at night. He would clean his teeth and perform wudu, then he would pray nine rak'ahs, during which he would not sit until the eighth. Then he would praise Allah (SWT) and remember Him and supplicate, then he would get up and not say the taslim. Then he would pray the ninth, then sit and praise Allah (SWT) and remember Him and supplicate, then he would say a taslim that we could hear. Then he prayed two rak'ahs sitting, and that was eleven rak'ahs, O my son. When the Messenger of Allah (ﷺ) grew older and

put on weight, he prayed witr with seven, then he prayed two rak'ahs sitting after saying the taslim, and that was nine, O my son. And when the Messenger of Allah (ﷺ) offered a prayer, he liked to persist in offering it.'

## ফুটনোট

সহীহঃ মুসলিম ৭৪৬, ইবনু মাজাহ ১১৯১। [দ্রঃ ১৬০১]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যুরারা ইবন আওফা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90217

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন